

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৩৬২৬(আগরতলা, ১০।১)
কৈলাসহর, ১০ জানুয়ারি ২০১৯

**২২ জানুয়ারি উনকোটি জেলা ভিত্তিক
উপজাতি লোকনৃত্য প্রতিযোগিতা**

প্রজাতন্ত্র দিবস উদযাপন কর্মসূচির অঙ্গ হিসেবে আগামী ২২ জানুয়ারি কৈলাসহর টাউন হলে সন্ধ্যা ৬ টায় উনকোটি জেলা ভিত্তিক উপজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতাকে সফল করার লক্ষ্যে গতকাল জেলা কল্যাণ আধিকারিক-এর অফিস কক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় জানানো হয়, কুমারঘাট এবং কৈলাসহর মহকুমা ভিত্তিক প্রতিযোগিতায় প্রথম এবং দ্বিতীয় স্থানাধিকারী দল জেলা ভিত্তিক এই উপজাতি লোকনৃত্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
